

**বাংলাখালী থেকে আলিম ও  
 ফাজিল পরীক্ষার কেন্দ্র  
 প্রত্যাহার । শিক্ষার্থীরা হতাশ**

চট্টগ্রামের বাংলাখালী উপজেলার ওনাগরীর আহমদিয়া ডলমপীর (র.) পিনিয়র মন্ত্রাসার আলিম ও ফাজিল পরীক্ষা কেন্দ্র বাতিল করার প্রায় ৪শ' পরীক্ষার্থী চরম বিপাকে পড়েছে। জানা গেছে, বাংলাখালী উপজেলার এক প্রভাবশালী বিএনপি নেতা প্রশাসনকে চাপ সৃষ্টির মাধ্যমে এবং ওপর মহল থেকে যেটি কর্তৃপক্ষকে চাপ সৃষ্টি করে ডলমপীর (র.) মন্ত্রাসা কেন্দ্র বাতিল করে তার দানার প্রতিষ্ঠিত হোসাইনিয়া মন্ত্রাসার কেন্দ্র স্থানান্তরে নেওয়া ভূমিকা পালন করেন। পরীক্ষা কেন্দ্র স্থাপনের বোর্ড নির্ধারিত প্রয়োজনীয় সুযোগ-সুবিধা না থাকা সত্ত্বেও বিএনপি নেতার ইচ্ছাতেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হোসাইনিয়া মন্ত্রাসার কেন্দ্র স্থানান্তর করতে বাধ্য হই বলে অভিযোগ রয়েছে।

এদিকে বাংলাখালীর ৩ বারের নির্বাচিত শ্রেষ্ঠ মন্ত্রাসা ডলমপীর (র.)-এর আলিম ও ফাজিল পরীক্ষা কেন্দ্র বাতিলের আচমকা সিদ্ধান্তে পরীক্ষার্থীদের মাঝে চরম হতাশা ও ক্ষোভ বিরাজ করছে। তারা অবিলম্বে এ সিদ্ধান্ত বাতিল করে ডলমপীর মন্ত্রাসার কেন্দ্র পুনর্বহালের দাবি জানায়।